

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেণিক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় বয়স্ক ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ৫৭.০১ লক্ষ থেকে ৫৮.০১ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৬০০ টাকা; বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৪.৭৫ লক্ষ জন থেকে ২৫.৭৫ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৫৫০ টাকা এবং প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে ৫.৩৫ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৩.৬৫ লক্ষ জন থেকে ২৯.০০ লক্ষ জনে উন্নীত করা হয়েছে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৮৫০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদপ্তরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

- ২। ১০ আগস্ট তারিখ হতে ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/onlineApplication লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ্ব বছর ও মহিলা ৬২ বা তদুর্ধ্ব বছর এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবা মহিলার জন্য স্বামীর মৃত্যু সনদ এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা হতে হবে। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য সুবিধা গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল করা হবে।
- ৩। অনলাইন আবেদনে নগদ/বিকাশ ইউনিটের আওতাধীন আবেদনকারীদের অবশ্যই সক্রিয় নগদ/বিকাশ হিসাব (মোবাইল) নম্বর প্রদান করতে হবে। এজেন্ট ব্যাংকিং এর আওতাধীন আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের হিসাব পূর্বের ন্যায় কেন্দ্রীয়ভাবে খোলা হবে।
- ৪। পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) উপকারভোগীদের পুনরায় অনলাইন আবেদন করার প্রয়োজন নেই। সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য MIS এ সন্নিবেশন এবং এন্ট্রিকৃত ডাটার ভেলিডেশন করতে হবে।
- ৫। অনলাইনে প্রাপ্ত আবেদন, পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) তালিকার ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। সকল ভাতার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
- ৬। এমতাবস্থায়, জঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপযুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।


২৬/০৮/২০২৩

ড. মোঃ মোফতার হোসেন
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৪৮২৬৮০১
ইমেইলঃ dir.ss@dss.gov.bd

বিভাগীয় পরিচালক (সকল)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
.....।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙামাটি/বান্দরবন।
- ৩) জেলা প্রশাসক (সকল),
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ৮) উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল),
- ১০) উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়.....।
- ১১) সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয়,